



বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড



চট্টগ্রাম রওশনী প্রক্রিয়াকরণ এলাকা, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম -৪২২৩।

EIN-104263, College Code- 3257, web: <http://bepzacollegectg.edu.bd>

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নোটিশ

১। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষাবোর্ড কর্তৃক ভর্তিযোগ্য শিক্ষার্থীদের মেধাক্রম তালিকা অনুযায়ী নিম্নে প্রদত্ত তারিখ ও সময়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

বোর্ড কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর তালিকা অনুসারে			ভর্তির তারিখ	ভর্তির সময়
বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা	মানবিক		
প্রথম ১০০ জন	প্রথম ৬০ জন	প্রথম ৫০ জন	১৫/০৭/২০২৪ সোমবার	সকাল ১০:০০টা থেকে বেলা ১:০০টা পর্যন্ত
পরবর্তী ১০০ জন	পরবর্তী ৬০ জন	পরবর্তী ৫০ জন	১৬/০৭/২০২৪ মঙ্গলবার	
অবশিষ্ট সকল	অবশিষ্ট সকল	অবশিষ্ট সকল	১৮/০৭/২৪ বৃহস্পতিবার	
রিজার্ভ ডে	রিজার্ভ ডে	রিজার্ভ ডে.	২১/০৭/২০২৪ থেকে ২৫/০৭/২০২৪	

[বিঃ দ্রঃ কোটার তালিকাহুক্ত শিক্ষার্থীদের আগামী ২৩/০৭/২০২৪, মঙ্গলবার, সকাল ১০.০০ টা থেকে বেলা ১:০০টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।]

২। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিচের তালিকায় উল্লিখিত ভবন ও কক্ষে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

বিভাগ	ভবন	কক্ষ নং
বিজ্ঞান	একাডেমিক ভবন- ০৩	১২৩
মানবিক	একাডেমিক ভবন- ০৩	১২৫
ব্যবসায় শিক্ষা	একাডেমিক ভবন- ০৩	১২৭

১

৩। নির্দেশনাসমূহ:

ক। অনলাইনে শিক্ষাবোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য শিক্ষার্থীদের মেধাক্রম তালিকা কলেজ নোটিশ বোর্ড ও কলেজ ওয়েবসাইট (www.bepzacollegectg.edu.bd) প্রকাশ করা হবে।

খ। ভর্তিযোগ্য শিক্ষার্থীদের উপরোক্ত ডালিকার তারিখ ও সময় অনুযায়ী প্রতিষ্ঠানে একজন অভিভাবকসহ উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

গ। ভর্তিযোগ্য শিক্ষার্থীদের অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ে প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কক্ষে ভর্তি কমিটির নিকট জমা দিয়ে ছাপানো Group ও Roll No. সম্বলিত জমা রশিদ (Pay Slip) সংগ্ৰহ করতে হবে।

ঘ। সংগৃহীত জমা রশিদ (Pay Slip)-এ উল্লেখিত ভর্তি ফি শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, বন্দরটিলা শাখায় অথবা, উক্ত ব্যাংকের কলেজ ক্যাম্পাসে স্থাপিত বুথে জমা দিতে হবে।

ঙ। জমাকৃত জমা রশিদ (Pay Slip)-এর স্টুডেন্ট কপি ভর্তি কমিটির সংশ্লিষ্ট সদস্যকে প্রদর্শন করে চূড়ান্ত ভর্তি নিশ্চিত করে কলেজ ইয়েলো বুক ও ভর্তি তথ্য ফরম সংগ্রহ করতে হবে।

৪। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে:

ক। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং ১টি ফটোকপি।

খ। মূল প্রশংসাপত্র ও ১টি ফটোকপি।

গ। সন্দভোলা ০৪ কপি পাসপোর্ট সাইজ ছবি (ছবির পিছনে শিক্ষার্থীর নামসহ কিন্তু সত্যায়িত নহে)।

ঘ। জমা রশিদ (Pay Slip)-এর স্টুডেন্ট কপির ফটোকপি।

ঙ। আবেদন পত্র (যদি মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ প্রশংসাপত্র না থাকে)।

৫। ক্লাস শুরু:

সরকারি নির্দেশনা অনুসারে ক্লাস শুরু: ৩০ জুলাই, ২০২৪, মঙ্গলবার, সকাল ৮.৪৫ টা।

৬। বিশেষ দ্রষ্টব্য:


ক। ভর্তিকৃত শিক্ষার্থীরা কলেজ পরিবহন সুবিধা গ্রহণ করতে চাইলে ভর্তি কমিটির নিকট থেকে আবেদন ফরম সংগ্রহ ও যথাযথভাবে পূরণ করে পরিবহন কমিটির দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট শিক্ষকের নিকট ২৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে।

খ। ২৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে ভর্তিকৃত প্রত্যেক শিক্ষার্থীকে ভর্তির তথ্য ফরম-এর তথ্যগুলো কলেজ ওয়েবসাইট (<http://bepzacollegectg.edu.bd>)-এ প্রবেশ করে Class XI Admission Form-এ ক্লিক করে যথাযথভাবে পূরণ করে সাবমিট করতে হবে।

গ। সংগৃহীত ভর্তির তথ্য ফরম যথাযথভাবে পূরণ করে এর হার্ডকপি এবং ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট বিভাগের গাইড শিক্ষকের নিকট ২৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে।

ঘ। যে সকল শিক্ষার্থীর অভিভাবক চট্টগ্রাম বেপজা জোন অফিস, চট্টগ্রাম বেপজা হাসপাতাল, বেপজা স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড এবং ইনভেস্টরস্ ক্লাব সিইপিজেডে কর্মরত তাদের ভর্তির সময় অভিভাবকদের (পিতা/মাতা) চাকুরির পরিচয়পত্রের ফটোকপি এবং সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

ঙ। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র শিক্ষাবোর্ডে জমা দেয়া হবে বিধায় শিক্ষার্থীদের নিজ প্রয়োজনে এসব সনদপত্রের পর্যাপ্ত সংখ্যক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করে রাখতে হবে।



অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড